

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১২৫৭

পর্ব - ১০ % দণ্ড বিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ৫. শাসন এবং শাসনকারীর বিধান - ফিতনা দেখা দিলে মুসলিমদের করণীয়

আরবী

حسن كسابقه. ولكنه ضعيف السند في المسند

বাংলা

১২৫৭। আবদুল্লাহ ইবনু খাব্বাব হতে বর্ণিত; তিনি বলেন: আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, সমাজে ফিতনা দেখা দিলে, হে আল্লাহর বান্দা তুমি তাতে হত্যাকারী না হয়ে নিহত হও। হাসান[1]

## **English**

'Abdullah bin Khabbab (RAA) narrated, 'I heard my father say:

'I heard the Messenger of Allah (ﷺ) say, "There will be times of Fitan, so O slave of Allah be in it the one who is killed and do not be the killer." Related by Abu Khaithamah and Ad-Daraqutni.

## ফুটনোট

[1] ইমাম সানআনী সুবুলস সালাম (৪/৫৯) গ্রন্থে বলেন, এর হাদীসটির অনেক সানাদ রয়েছে। প্রতিটি সানাদেই একজন রাবীর নাম উল্লেখ নেই। শাইখ আলবানী তাঁর ইরওয়াউল গালীল (৮/১০৩) গ্রন্থে বলেন, এর প্রতিটি বর্ণনাকারী বিশ্বস্ত যে রাবীর নাম উল্লেখ নাই। তিনি ব্যতীত। এর শাহেদ রয়েছে। হুযাইফা ইবনুল ইয়ামান থেকেও অনুরূপ হাদীস বর্ণিত হয়েছে। সে সম্পর্কে ইবনু হাজার আসকালানী তাঁর আত তালখীসুল হাবীর (৪/১৪০৯) গ্রন্থে বলেন, হুযাইফা থেকে বর্ণিত হওয়ার কোন ভিত্তি নেই।



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ খাব্বাব ইবনুল আরাত (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন